221

দৈনিক ইত্তেফাক
তারিখ ... MAR. 1 0 1999 ...
পৃষ্ঠা ১৫ কলাম ৩ .....

# শেরপুরে ছাত্রদল-ছাত্রলীগ সংঘর্ষে ১৫ জন আহত

শেরপুর সংবাদদাতা ॥ স্থানীয় সরকারী কলেজ ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করিয়া গতকাল মঙ্গলবার ছাত্রদল-ছাত্রলীগের সংঘর্ষে দুইজন পুলিশসহ অন্ততঃ ১৫ জন আহত হইয়াছে। ভোট গ্রহণ কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্যে শান্তিপূর্ণ পরিবেশে হইলেও ভোট গণনার সময় হইতেই উত্তেজনা বৃদ্ধি পাইতে শুরু করে। সন্ধ্যার পর সমগ্র কলেজ এলাকায় সংঘর্ষ ছড়াইয়া পড়ে এবং শহরের বিভিন্ন স্থানে খন্ড খন্ড সংঘর্ষের খবর পাওয়া যায়। নির্বাচনে ছাত্রলীগ মনোনীত বায়োজিদ-লিপটন পরিষদের সংখ্যাগরিষ্ঠ পদ লাভের খবর প্রকাশ হওয়ার পর কলেজ ক্যাম্পাসে সংঘর্ষ বাধিয়া যায়। ব্যাপক ককটেল বিস্ফোরণসহ গুলী চলিতে থাকে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য রাবার বুলেট ও কাঁদানে গ্যাস ব্যবহার করে। আহত ২ জন পুলিশকে সদর হাসপাতালে ভর্তি করা হইয়াছে। এখনও চরম উত্তেজনা বিরাজ করিতেছে। সর্বশেষ খবর অনুসারে ছাত্রলীগের বায়োজিদ-লিপটন পরিষদ ২১টি আসনের মধ্যে ভি.পি-জি.এস সহ ১৮টি পদে আগাইয়া আছে।